# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

পরামর্শ বৈঠক (جلسة الاستشار)

উক্ত গোয়েন্দা রিপোর্ট পাওয়ার পর রাসূলুল্লাহ (ছাঃ) ছাহাবায়ে কেরামের সাথে পরামর্শ বৈঠকে বসলেন এবং বললেন,أَشِيرُوا أَيُّهَا النَّاسُ عَلَىَّ ‘হে লোকেরা! তোমরা আমাকে পরামর্শ দাও!’ অতঃপর তিনি তাদের নিকট দু’টি বিষয়ে মতামত চাইলেন। এক- কুরাইশের সাহায্যকারী গোত্রগুলির উপরে হামলা চালিয়ে তাদেরকে পরাভূত করা। অথবা দুই- আমরা ওমরাহ পালনের উদ্দেশ্যে যাত্রা অব্যাহত রাখব এবং পথে কেউ বাধা দিলে মুকাবিলা করব। আবুবকর (রাঃ) শেষোক্ত প্রস্তাবের পক্ষে মত প্রকাশ করলেন। অতঃপর তিনি বললেন,امْضُوا عَلَى اسْمِ اللهِ ‘তোমরা আল্লাহর নামে যাত্রা কর’ (বুখারী হা/৪১৭৮-৭৯)। অতঃপর মক্কা অভিমুখে যাত্রা শুরু হ’ল।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5517

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন